NEW YORK STATE | Department of Health

শিশু এবং কিশোর-কিশোরীদের জন্য কোভিড-19 টিকা
5 - 11 বছর বয়সী এবং কোভিড-19 টিকা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

কোভিড-19 টিকা এবং 5 - 11 বছর বয়সী শিশুরা

শিশুরা কি *সত্যিই* কোভিড-19 এ আক্রান্ত হতে পারে?

হ্যাঁ। **শিশু সহ সকল বয়সের ব্যক্তিরাই** কোভিড-19 ভাইরাসে সংক্রামিত হতে পারে, সেইসাথে এটি অন্যদের মধ্যে ছড়িয়ে যেতে পারে।

আমার সন্তানকে টিকা না দেওয়ার ঝুঁকিগুলি কি কি?

যাদেরকে টিকা দেওয়া হয়নি তাদের হাসপাতালে ভর্তি ও মৃত্যু সহ কোভিড-19 থেকে সংক্রামিত হওয়ার এবং গুরুতর অসুখ হওয়ার সবচেয়ে বেশি ঝুঁকি রয়েছে। এটি শিশু সহ সকল বয়সের ব্যক্তিদের জন্য সত্য।

এছাড়াও শিশুরা MIS-C নামক একটি বিপজ্জনক প্রদাহজনক অবস্থার ঝুঁকিতে রয়েছে **যা কোভিড-19 এ সংক্রমিত হওয়ার কয়েক সপ্তাহ পরে হতে পারে।**

শিশুদের টিকা দেওয়া কোভিড-19 হওয়া থেকে রক্ষা করবে এবং তাদের গুরুতর রোগ, হাসপাতালে ভর্তি হওয়া বা দীর্ঘমেয়াদী কোভিড-19 জটিলতার ঝুঁকি কমাতে সাহায্য করবে। এই জন্য নিউ ইয়র্কের স্বাস্থ্য বিভাগ 5 থেকে 11 বছর বয়সী শিশু সহ সমস্ত যোগ্য নিউ ইয়র্কবাসীকে যত তাড়াতাড়ি সম্ভব সম্পূর্ণ টিকা নেওয়ার জন্য অনুরোধ করে যাতে তারা ভাইরাস থেকে সুরক্ষিত, সুস্থ ও নিরাপদ থাকে।

দীর্ঘ কোভিড কী, এবং আমার সন্তান কি ঝুঁকিতে আছে?

যেসকল শিশুরা কোভিড-19 এ সংক্রামিত হয় তারা দীর্ঘ কোভিডের ঝুঁকিতে থাকতে পারে। দীর্ঘ কোভিডের সাথে সম্পর্কিত উপসর্গগুলি ব্যাপকভাবে পরিবর্তিত হতে পারে, বুক ধড়ফড় থেকে শ্বাস নিতে অসুবিধার ন্যায় কার্ডিওভাসকুলার লক্ষণ ও অতিরিক্ত ক্লান্তি এবং এর সাথে মনোযোগ দিতে অসুবিধা বা অন্যান্য মানসিক উপসর্গ অন্তর্ভুক্ত থাকতে পারে। এমনকি যদি প্রাথমিক কোভিড অসুস্থতা গুরুতর না হলেও দীর্ঘ কোভিড উপসর্গ দেখা দিতে পারে এবং কয়েক মাস বা এমনকি এক বছর পর্যন্ত স্থায়ী হতে পারে। বিজ্ঞানীরা এখনও দীর্ঘ কোভিড বোঝার জন্য কাজ করছেন।

নিরাপত্তা এবং কার্যকারিতা

কোন টিকা বর্তমানে 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য পাওয়া যাচ্ছে?

বর্তমানে, শুধুমাত্র Pfizer-BioNTech কোভিড-19 টিকা 5 থেকে 17 বছর বয়সী শিশুদের জন্য পাওয়া যায়।

কোভিড-19 টিকা কি শিশুদের জন্য নিরাপদ?

হ্যাঁ। কোভিড-19 টিকা দেওয়া হচ্ছে - এবং চলতে থাকবে - মার্কিন ইতিহাসে সবচেয়ে নিবিড় নিরাপত্তা পর্যবেক্ষণ। বর্তমানে, FDA নির্ধারণ করেছে যে Pfizer-BioNTech কোভিড-19 টিকা 5 বছর বা তার বেশি বয়সী শিশুদের জন্য জরুরি ব্যবহারের অনুমোদনের প্রয়োজনীয় কার্যকারিতা এবং নিরাপত্তার মান পূরণ করে। পিতামাতা এবং অভিভাবকদের কোনো প্রশ্ন থাকলে তাদের সন্তানের শিশু বিশেষজ্ঞ বা প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলতে বলা হচ্ছে। এছাড়াও অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.cdc.gov।

টিকা কি শিশুদের জন্য কার্যকর?

হ্যাঁ, 5-11 বছর বয়সী শিশুদের জন্য অনুমোদিত Pfizer-BioNTech কোভিড-19 টিকা নিরাপদ, কার্যকর এবং আপনার সন্তানকে ভাইরাস থেকে রক্ষা করার জন্য আপনার জন্য সর্বোত্তম উপায়। ট্রায়াল অধ্যয়নে দেখা গেছে যে টিকাটি 5 থেকে 11 বছর বয়সী শিশুদের ক্ষেত্রে 12 বছর বা তার বেশি বয়সের লোকেদের মতোই কার্যকর। টিকা ডেল্টা ভ্যারিয়েন্টের বিরুদ্ধেও কার্যকর।

আমার সন্তান কোন কোভিড-19 টিকা পেতে পারে?

বর্তমানে, Pfizer-BioNTech mRNA কোভিড-19 টিকা হল একমাত্র কোভিড-19 টিকা যা মার্কিন যুক্তরাষ্ট্রে 5 থেকে 17 বছর বয়সী শিশুদের জন্য পাওয়া যাচ্ছে। অন্যান্য কোভিড-19 টিকা ভবিষ্যতে শিশুদের জন্য পাওয়া যেতে পারে।

টিকা দেওয়ার পর আমার সন্তানের কি পার্শ্বপ্রতিক্রিয়া হতে পারে?

আপনার শিশু টিকা নেওয়ার পর তার অনুভূতিতে কোনো পরিবর্তন নাও লক্ষ্য হতে পারে। তবে সামান্য "শরীর খারাপ লাগা" অনুভব হওয়ারও সম্ভাবনা রয়েছে। এটা *যেকোনো* টিকা নেওয়ার পরেও হতে পারে। এটা জানাও জরুরি যে 5 - 11 বছর বয়সী শিশুরা 12 বছর বা তার বেশি বয়সী কিশোর ও প্রাপ্তবয়স্কদের তুলনায় কোভিড-19 টিকার একটি ছোট ডোজ গ্রহণ করে।

কোভিড-19 টিকার পরে, আপনার সন্তানের নিম্নলিখিতগুলি হতে পারে:

- তাদের টিকা দেওয়ার স্থানে একটি কালশিটে
- মাথাব্যথা
- সর্দি
- জ্বর
- ক্লান্তি
- বমি ভাব এবং বমি করা

এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলি বিপজ্জনক নয় এবং আপনার সন্তানের ইমিউন সিস্টেমের কাজ করার একটি লক্ষণ মাত্র। পিতামাতা এবং অভিভাবকদের কোনো প্রশ্ন থাকলে তাদের সন্তানের শিশু বিশেষজ্ঞ বা প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলতে বলা হচ্ছে।

টিকা কি আমার শিশুকে কোভিড দেবে?

না। 5–11 বছর বয়সী শিশুদের জন্য অনুমোদিত mRNA Pfizer-BioNTech টিকা সহ—কোভিড–19 টিকার কোনোটিই কাউকে কোভিড–19 দিতে পারে না।

কোনো টিকাই এমন উপাদান দিয়ে তৈরি নয় যা রোগ সৃষ্টি করতে পারে। উদাহরণস্বরূপ, FDA দ্বারা জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত প্রথম টিকাগুলি 'mRNA' নামক ভাইরাসের জেনেটিক উপাদানের একটি ছোট, নিরীহ অংশ ব্যবহার করে। এটি ভাইরাস নয়। mRNA টিকাগুলি আপনার বা আপনার সন্তানের শরীরকে একটি ভাইরাস প্রোটিন তৈরি করতে *শেখায়*। আপনি বা আপনার শিশু কোভিড–19 এর সংস্পর্শে আসলে ভাইরাসের বিরুদ্ধে লড়াই করার জন্য আপনার বা আপনার সন্তানের ইমিউন সিস্টেম এই প্রোটিনগুলির বিরুদ্ধে অ্যান্টিবডি তৈরি করে। একে ইমিউন রেসপন্স বলা হয়।

আমার শিশু কি কোভিড–19 টিকার একই ডোজ পাবে যা আমি পেয়েছি?

5 – 11 বছর বয়সী শিশুরা প্রাপ্তবয়স্ক এবং 12 বছর বা তার বেশি বয়সের কিশোর-কিশোরীদের তুলনায় অপেক্ষাকৃত ছোট একটি ডোজ পায়। যে বিজ্ঞানীরা টিকা তৈরি করেন এবং চিকিৎসা স্বাস্থ্য বিশেষজ্ঞরা যারা টিকা অনুমোদন করেন তারা দেখেছেন যে Pfizer-BioNTech টিকার অপেক্ষাকৃত ছোট ডোজ 5–11 বছরের শিশুদের জন্য কার্যকর।

যদি আমার সন্তানের বয়স 11 বছর হয়, তাহলে আমি কি তার 12 বছর হওয়ার জন্য অপেক্ষা করব যাতে সে Pfizer-BioNTech কোভিড–19 টিকার বড় ডোজ পেতে পারে?

না। পিতা–মাতা এবং অভিভাবকদের উচিত তাদের 5 – 11 বছর বয়সী শিশুদের যত তাড়াতাড়ি সম্ভব তাদের বয়সের উপর ভিত্তি করে উপযুক্ত ডোজ দিয়ে টিকা দেওয়ানো। আমাদের দেশের সেরা চিকিৎসা ও স্বাস্থ্য বিশেষজ্ঞরা 5 – 11 বছর বয়সীদের জন্য টিকার ডোজ নিরাপদ এবং কার্যকর – তা নিশ্চিত করার জন্য কাজ করেছেন – আমাদের সন্তানদের কোভিড–19 এর বিরুদ্ধে চমৎকার সুরক্ষা প্রদান করে এবং একটি শক্তিশালী ইমিউন রেসপন্স তৈরি করে।

যদি আমার সন্তানের ওজন 12 বছরের শিশুর ওজনের কাছাকাছি হয়, তাহলে তা কি তাদের কোভিড–19 টিকার উচ্চতর ডোজের জন্য যোগ্য হবে? অথবা, আমার কিশোর সন্তানের ওজন কম হলে, তার কি কম ডোজ পাওয়া উচিত?

না। আসলে, ওজন আপনার সন্তানের জন্য সঠিক ডোজের পরিমাণ নির্ধারণের কোনো ফ্যাক্টর <u>নয়</u>। বরং, ডোজের পরিমাণ <u>বয়সের</u> উপর নির্ভর করে কারণ বয়স আপনার সন্তানের ইমিউন সিস্টেমের পরিপক্কতা প্রতিফলিত করে। এই কারণেই 5 – 11 বছর বয়সী যোগ্য শিশুদের টিকার ডোজ দেওয়ার সময় তাদের বয়সের উপর ভিত্তি করে যথাযথ ডোজ দিয়ে যত তাড়াতাড়ি সম্ভব টিকা দেওয়ানো উচিত।

যদি আমার সন্তান তাদের প্রথম ও দ্বিতীয় ডোজের মধ্যে 12 বছর বয়সী হয়ে যায়, তাহলে তাদের দ্বিতীয় ডোজটির জন্য কী পাওয়া উচিত?

5 – 11 বছর বয়সী যোগ্য শিশুদের টিকার ডোজ দেওয়ার সময় তাদের বয়সের উপর ভিত্তি করে যথাযথ ডোজ দিয়ে যত তাড়াতাড়ি সম্ভব টিকা দেওয়ানো উচিত। এর অর্থ হল যদি 11 বছর বয়সী একটি শিশু তার প্রথম এবং দ্বিতীয় টিকার ডোজের মধ্যে 12 বছর বয়সী হয়ে যায়, তাহলে সেই শিশুটি তার দ্বিতীয় ডোজটির জন্য 12 বছর বয়সের জন্য উপযুক্ত ডোজের পরিমাণ পাবে।

কেন 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য শুধুমাত্র Pfizer-BioNTech টিকা পাওয়া যাচ্ছে?

যখন কোনো টিকা বা ওষুধ FDA দ্বারা জরুরি ব্যবহারের জন্য অনুমোদিত হয়, তখন সেটিকে অবশ্যই নিরাপত্তা এবং কার্যকারিতার জন্য কঠোর মান পূরণ করতে হবে। Pfizer-BioNTech কোভিড-19 টিকাটি 11 ডিসেম্বর, 2020 তে 16 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য জরুরি ব্যবহারের জন্য প্রথম অনুমোদিত হয়েছিল। 10 মে, 2021 -এ এই জরুরি ব্যবহারের অনুমোদন (emergency use authorization, EUA) 12 থেকে 15 বছর বয়সী কিশোর-কিশোরীদের অন্তর্ভুক্ত করার জন্য প্রসারিত করা হয়েছিল। 29 অক্টোবর, 2021-এ FDA 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য Pfizer-BioNTech কোভিড-19 টিকা অনুমোদন করেছে। FDA দেখেছে যে Pfizer টিকা FDA-কে তাদের জরুরি ব্যবহারের অনুমোদন (emergency use authorization, EUA) সংশোধন করার অনুমতি দেওয়ার জন্য বিধিবদ্ধ মানদণ্ড পূরণ করেছে, দেখা গেছে যে 5 বছর থেকে 11 বছর বয়সী শিশুদের মধ্যে টিকার পরিচিত এবং সম্ভাব্য সুবিধাগুলি পরিচিত এবং সম্ভাব্য ঝুঁকির চেয়ে বেশি। এই সিদ্ধান্ত নেওয়ার জন্য, FDA মার্কিন যুক্তরাষ্ট্রে চলমান যদৃচ্ছকৃত, প্লেসিবো-নিয়ন্ত্রিত ক্লিনিক্যাল ট্রায়াল থেকে প্রাপ্ত সেফটি ডেটা অধ্যয়ন করেছে যাতে 5 থেকে 11 বছর বয়সী 4,695 জন অংশগ্রহণকারী অন্তর্ভুক্ত ছিল।

যখন FDA নির্ণয় করবে অন্যান্য কোভিড-19 টিকাগুলি জরুরি ব্যবহারের অনুমতি বা অনুমোদনের জন্য তাদের কঠোর মান পূরণ করছে তখন সেগুলি শিশুদের জন্য পাওয়া যেতে পারে।

Pfizer-BioNTech কোভিড-19 টিকাতে কি প্রাণী-ভিত্তিক উপাদান রয়েছে?

না! Pfizer-BioNTech কোভিড-19 টিকাতে কোনও মানব বা প্রাণীজ পণ্য, প্রিজারভেটিভ বা সহায়ক উপাদান নেই এবং এটি মানব বা প্রাণীজ উৎসের কোনো উপাদান ব্যবহার করে না।

কোভিড-19 টিকাতে কি পারদ/থিমেরোসাল থাকে?

না! 5 – 11 বছর বয়সী শিশুদের জন্য উপলব্ধ Pfizer-BioNTech টিকা সহ বর্তমানে উপলব্ধ যেকোনো কোভিড-19 টিকায় পারদ/থিমেরোসালের মতো কোনো প্রিজারভেটিভ নেই।

আমার সন্তানের কি একাধিক ডোজ লাগবে?

হ্যাঁ। ঠিক যেমন প্রাপ্তবয়স্কদের জন্য Pfizer-BioNTech কোভিড-19 টিকা (এবং Moderna) এবং 12-17 বছরের কিশোর-কিশোরীদের জন্য, তেমনি 5 থেকে 11 বছর বয়সী শিশুদের জন্য Pfizer-BioNTech টিকার দুটি ডোজ প্রয়োজন। যদিও, বর্তমানে 12 বছর বা তার বেশি বয়সী কিশোর-কিশোরী এবং প্রাপ্তবয়স্কদের তুলনায় এটি একটি অপেক্ষাকৃত ছোট ডোজ।

প্রতিটি ডোজ কমপক্ষে 3 সপ্তাহের ব্যবধানে দেওয়া হবে।

আপনার সন্তান তাদের প্রথম টিকার ডোজ পেলে, তাদের দ্বিতীয় টিকার ডোজ পাওয়াও অত্যন্ত গুরুত্বপূর্ণ যদি না একজন স্বাস্থ্যসেবা প্রদানকারী আপনাকে না বলে যে তার এটি নেওয়া উচিত নয়। আপনি যদি আপনার সন্তানের টিকা নেওয়ার বিষয়ে উদ্বিগ্ন হন, তাহলে কোনো ডাক্তার, নার্স, বা কোনো ক্লিনিকের চিকিৎসা পেশাদার সহ আপনার সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ বা স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

আমার সন্তান কি কোভিড-19 টিকা গ্রহণ করতে পারে যখন একই সময়ে তারা অন্য টিকা গ্রহণ করে?

CDC-এর মতে, কোভিড-19 টিকা এবং অন্যান্য টিকা গ্রহণের জন্য আপনার সন্তানের একটি ব্যবধানের প্রয়োজন এমন কোনো সুপারিশ নেই। এর অর্থ হল আপনার শিশু একই সময়ে বা যেকোনো সময়ে কোভিড-19 এবং ঋতুকালীন ফ্লু শটের মতো অন্য টিকা নিতে পারে। এর মধ্যে রয়েছে একসাথে, আগে বা পরে অন্য টিকা।

আমার সন্তান কোভিড-19 এবং/অথবা কোভিড-19 অ্যান্টিবডির জন্য পরীক্ষায় পজেটিভ হয়েছে। তার কি তখনও টিকার প্রয়োজন আছে?

হ্যাঁ! CDC সুপারিশ করে যে যারা ইতিমধ্যেই কোভিড-19 এ আক্রান্ত হয়েছে এমনকি তাদেরও টিকা নেওয়ার প্রয়োজন, কারণ তারা একাধিকবার সংক্রমিত হতে পারে। যদিও আপনার সন্তানের কোভিড-19 থেকে পুনরুদ্ধার করার পরে কিছুটা অনাক্রম্যতা থাকতে পারে, আমরা জানি না এই সুরক্ষা কতদিন স্থায়ী হবে। টিকা নিরাপদ, ইতিমধ্যেই সংক্রমিত হয়েছে এমন একজন শিশুর জন্য সহ। যে শিশুরা কোভিড-19 এ আক্রান্ত হয় তাদের গুরুতর অসুস্থতার ঝুঁকি থাকে এবং কিছু কিছু দুর্বলতার উপসর্গ থাকে যা কয়েক মাস ধরে চলতে থাকে।

আমার সন্তানের একটি টিকা থেকে অনাক্রম্যতা পাওয়ার চেয়ে, কোভিড-19 এর প্রাকৃতিক প্রতিরোধ ক্ষমতা পাওয়া কি ভাল?

যেসকল শিশুরা কোভিড-19 এ আক্রান্ত হয় তাদের গুরুতর অসুস্থতার ঝুঁকি থাকে এবং কারো কারোর দুর্বলতার উপসর্গ থাকে যা কয়েক মাস যাবৎ চলতে থাকে। যদিও আপনার সন্তানের কোভিড-19 থেকে সেরে উঠার পরে কিছুটা অনাক্রম্যতা থাকতে পারে, আমরা জানি না এই সুরক্ষা কতদিন পর্যন্ত স্থায়ী হয়। কোভিড-19 এর বিরুদ্ধে টিকা নেওয়া নিরাপদ ও কার্যকর এবং আপনার সন্তানকে ভাইরাস থেকে রক্ষা করবে।

আমার সন্তান অসুস্থ হলে কি কোভিড-19 টিকা পেতে পারে?

আপনার সন্তান যদি কোভিড -19 এ অসুস্থ হয়ে পড়ে, তাহলে সে সুস্থ না হওয়া পর্যন্ত তাদের টিকা দেওয়ার জন্য অপেক্ষা করতে হবে। আপনার সন্তান যদি কোভিড-19 ব্যতীত অন্য কোনো অসুস্থতায় অসুস্থ হয়, তাহলে আপনার শিশুকে কখন টিকা দেওয়া উচিত সে বিষয়ে পরামর্শের জন্য আপনি আপনার সন্তানের শিশু বিশেষজ্ঞ বা প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে পারেন।

কোভিড-19 টিকা নেওয়ার পার্শ্বপ্রতিক্রিয়া থাকাকালীন আমার সন্তান কি স্কুলে যেতে পারে?

শিশুরা কোভিড-19 টিকা দেওয়ার পরে স্কুলে যেতে পারে যদি তারা স্কুলে যাওয়ার জন্য যথেষ্ট ভাল বোধ করে এবং তাদের জ্বর বা অন্যান্য কোভিড-19 উপসর্গ **না** থাকে। যদি আপনার সন্তান নিম্নলিখিত উপসর্গগুলি অনুভব করে, তাহলে তার স্কুলে না যাওয়াই উচিত। কোভিড-19 টিকা থেকে এই উপসর্গগুলি প্রত্যাশিত হবে না, তবে কোভিড-19 অসুস্থতা বা অন্যান্য ভাইরাল অসুস্থতার সাথে দেখা যেতে পারে:

- সর্দি
- কাশি
- শ্বাসকষ্ট
- গলা ব্যথা
- স্বাদ হারানো
- গন্ধ হারানো

কোভিড-19 টিকার এই পার্শ্বপ্রতিক্রিয়াগুলি গুরুতর বা বিপজ্জনক নয়, এবং এটি সম্ভবত শিশুর স্কুল মিস হওয়ার কোনো কারণ *নয়*।

আমার সন্তান যদি ডোজগুলির মধ্যে কোভিড-19 এর সংস্পর্শে আসে তাহলে কী হবে?

আপনার সন্তান যদি প্রথম টিকার ডোজ গ্রহণ করার পরে কিন্তু দ্বিতীয় ডোজ নেওয়ার আগে কোভিড-19 এর সংস্পর্শে আসে, তবে তাদের দ্বিতীয় কোভিড-19 ডোজ পাওয়ার আগে তাদের কোয়ারেন্টাইন সম্পূর্ণ করতে হবে। এর মধ্যে রয়েছে এমন শিশু যারা

তাদের কোভিড-19 টিকার প্রথম বা দ্বিতীয় ডোজ পায়নি। এছাড়াও এর মধ্যে একটি দুই-ডোজের সিরিজের শুধুমাত্র একটি ডোজ নেওয়া শিশুরা অন্তর্ভুক্ত।

অনুগ্রহ করে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারী বা টিকা প্রদানকারীকে (যেমন, ক্লিনিক যেখানে আপনার শিশু টিকা গ্রহণ করবে) জানান যদি আপনি কোয়ারেন্টাইনের কারণে তাদের টিকার অ্যাপয়েন্টমেন্টের সময় আবার স্থির করতে চান। কেভিড-19 হওয়ার আগে কোয়ারেন্টাইন সম্পন্ন করা আপনার সন্তানের আশেপাশের লোকদের সংক্রমণ থেকে রক্ষা করতে সাহায্য করবে।

Pfizer-BioNTech কোভিড-19 টিকা কী আছে?

Pfizer-BioNTech কোভিড-19 টিকা নিম্নলিখিত উপাদানগুলি অন্তর্ভুক্ত রয়েছে:

- mRNA: mRNA নিজেই ভাইরাস নয়। MRNA টিকা (যেমন Pfizer-BioNTech টিকা) আপনার শরীরকে প্রোটিন তৈরি করতে শেখায়। আপনার শরীর এই প্রোটিনগুলিকে চিনতে পারে এবং কাজে লেগে পড়ে, অ্যান্টিবডি তৈরি করে যা আপনাকে ভাইরাসের সাথে লড়াই করতে সাহায্য করে, যাকে ইমিউন রেসপন্স বলা হয়। এটি প্রাকৃতিক সংক্রমণের মতো একই ইমিউন রেসপন্স পুনরুত্পাদন করে প্রকৃতপক্ষে আপনার শরীরকে সংক্রামিত না করেই।
- লিপিডস: চর্বি জাতীয় পদার্থ যা mRNA রক্ষা করে এবং কিছুটা চর্বিযুক্ত বাহ্যিক অংশ প্রদান করে যা কোষের ভিতরে mRNA স্লাইড করতে সহায়তা করে। নিম্নোক্ত লিপিডগুলি Pfizer-BioNTech কোভিড-19 টিকায় রয়েছে: লিপিড ((4-হাইড্রক্সিবিউটাইল) আজানেডিয়েল)বিস(হেক্সেন-6,1-ডিয়েল)বিস(2-হেক্সিলডেকানোতে), 2 [(পলিইথিলিন গ্লাইকল)-2000]- এন,এন-ডাইট্রাডেসাইলেসেটামাইড, 1,2-ডিসটিয়ারয়ল-এসএন-গ্লিসেরো-3- ফসফোকোলিন, এবং কোলেস্টেরল), পটাসিয়াম ক্লোরাইড, মনোবাসিক পটাসিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড, ডিবাসিক সোডিয়াম ফসফেট ডাইহাইড্রেট, এবং সুক্রোজ।
- লবণ: আপনার শরীরে অ্যাসিডিটির ভারসাম্য বজায় রাখতে সাহায্য করে। Pfizer-BioNTech কোভিড-19 টিকায় নিম্নলিখিত লবণগুলি রয়েছে: পটাসিয়াম ক্লোরাইড, মনোবাসিক পটাসিয়াম ফসফেট, সোডিয়াম ক্লোরাইড এবং ডিবাসিক সোডিয়াম ফসফেট ডাইহাইড্রেট।
- শর্করা: হিমাঙ্কের সময় অণুগুলিকে তাদের আকার রাখতে সাহায্য করে। নিম্নলিখিত শর্করাগুলি Pfizer-BioNTech কোভিড-19 টিকাতে রয়েছে: সুক্রোজ (টেবিল সুগার)।

Pfizer-BioNTech কোভিড-19 'fkej উপাদানগুলির একটি সহজ ভাঙ্গনের জন্য, **এখানে এই ইনফোগ্রাফিক** দেখুন।

টিকা তৈরি

এত দ্রুত টিকাগুলো কীভাবে তৈরি হয়েছিল?

কোভিড-19 টিকাকে দ্রুত এবং নিরাপদে তৈরি করার অনুমতি দেওয়ার জন্য অনেকগুলি কারণ রয়েছে।

- গবেষকরা একটি টিকা তৈরির কাজ শুরু করেছিলেন কারণ যে ভাইরাসটি কোভিড-19 সৃষ্টি করে তা অন্যান্য বিদ্যমান ভাইরাসের মতোই।
- নতুন ভাইরাস সম্পর্কে গবেষণা প্রায় সঙ্গে সঙ্গে সারা বিশ্বের বিজ্ঞানীদের সাথে ভাগ করা হয়েছিল, যা অবিলম্বে একটি টিকা নিয়ে কাজ শুরু করার অনুমতি দিয়েছে।
- কিছু গবেষক একই সময়ে একটি ও দুটি ট্রায়াল চালাতে সক্ষম হয়েছেন।
- কোভিড-19 এর গবেষণায় অন্যান্য সাম্প্রতিক টিকা ট্রায়ালের তুলনায় অনেক বেশি সংখ্যক লোক অন্তর্ভুক্ত ছিল, যার অর্থ অল্প সময়ের মধ্যে ট্রায়ালে অনেক বেশি লোক ছিল।
- গবেষণা চলমান থাকাকালীন ফেডারেল সরকার সবচেয়ে প্রতিশ্রুতিশীল টিকাগুলির উৎপাদন শুরু করার অনুমতি দেয়। এর অর্থ হল যখন এটি অনুমোদিত হয় তখন এটি প্রায় অবিলম্বে জনসাধারণের জন্য দেওয়া যেতে পারে।

এর অর্থ এই নয় যে কোভিড-19 টিকা নিরাপদ নয়। কোভিড-19 টিকা নিরাপদ ও কার্যকর এবং আপনার সন্তানকে ভাইরাস থেকে রক্ষা করবে।

5 থেকে 11 বছরের শিশুদের জন্য অনুমোদিত Pfizer-BioNTech টিকা সহ mRNA কোভিড-19 টিকাগুলি কী কী?

5 থেকে 11 বছরের শিশুদের জন্য mRNA Pfizer-BioNTech কোভিড-19 টিকা সহ mRNA টিকাগুলি আপনার শরীরকে ভবিষ্যতের সংক্রমণ থেকে রক্ষা করতে সাহায্য করে। কোভিড-19 এ গুরুতর অসুস্থ না হয়ে আপনার শরীর সুরক্ষা লাভ করে।

ভাইরাস পৃষ্ঠের উপরে যেটি কোভিড-19 ঘটায় তা হল একটি "স্পাইক প্রোটিন"। আপনি যখন টিকা পান, mRNA টিকা আপনার কোষকে এই প্রোটিনের একটি নিরীহ টুকরা তৈরি করতে নির্দেশ দেয়। "স্পাইক প্রোটিন" তারপর আপনার কিছু কোষ দ্বারা প্রদর্শিত হয়। টিকার mRNA দ্রুত হ্রাস পায়।

আপনার ইমিউন সিস্টেম চিনবে যে সেই প্রোটিন তার অন্তর্গত নয়। এটি তখন এর বিরুদ্ধে অ্যান্টিবডি তৈরি করবে। আপনি প্রাকৃতিকভাবে কোভিড-19 এর কারণে ভাইরাসে আক্রান্ত হলে যা ঘটে সেইরকমই। প্রাকৃতিক সংক্রমণে ভাইরাস নিজেই

আপনার কোষকে অন্যান্য ভাইরাল প্রোটিনের সাথে স্পাইক প্রোটিন তৈরি করতে বাধ্য করে।

[সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) ওয়েবপেজে গিয়ে mRNA কোভিড-19 টিকা সম্পর্কে আরও জানুন]।

আমার সন্তানের শরীরে কী ঘটে যখন সে কোভিড-19 টিকার মতো একটি টিকা পায়?

টিকা আমাদের কোষকে প্রোটিন তৈরি করতে শেখায়। এই প্রোটিন, বা প্রোটিনের টুকরা, আপনার শরীরে একটি ইমিউন রেসপন্স শুরু করবে। প্রক্রিয়াটিকে কখনও কখনও একটি ব্লুপ্রিন্ট বা নির্দেশনা বলা হয়। শরীর আপনাকে ভাইরাস থেকে সুরক্ষিত রাখতে একটি প্রতিক্রিয়া তৈরি করতে এই তথ্য ব্যবহার করে। টিকাটি নিজেই অবিলম্বে শরীরের মধ্যে ভেঙে পড়ে।

আমি কীভাবে নিশ্চিত হতে পারি যে কোভিড-19 টিকা আমার সন্তানের DNA পরিবর্তন করবে না?

কোভিড-19 টিকা আপনার বা আপনার সন্তানের DNA এর সাথে কোনোভাবেই পরিবর্তন বা পরস্পরের উপর ক্রিয়া করে না। উভয় mRNA (Pfizer-BioNTech এবং Moderna) এবং
ভাইরাল ভেক্টর (Janssen/Johnson & Johnson) কোভিড-19 টিকা আমাদের কোষে নির্দেশনা প্রদান করে। যদিও, নির্দেশাবলী কখনই কোষের *নিউক্লিয়াসে* প্রবেশ করে না, যেখানে DNA অবস্থিত।

তারা আমাদের কোষকে কোভিড-19 সৃষ্টিকারী ভাইরাসের বিরুদ্ধে সুরক্ষা তৈরি করতে বলে। টিকাটি নিজেই অবিলম্বে শরীরের মধ্যে ভেঙে পড়ে।

অ্যালার্জি এবং/অথবা প্রতিকূল ঘটনা রিপোর্টিং

কাদের Pfizer-BioNTech কোভিড-19 টিকা পাওয়া উচিত *নয়*?

FDA-এর মতানুযায়ী, তাদের Pfizer-BioNTech কোভিড-19 টিকা নেওয়া উচিত নয় যদি তাদের:

- এই টিকার আগের ডোজ নেওয়ার পরে একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হয়ে থাকে
- এই টিকার যেকোনো উপাদানের প্রতি তীব্র অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া থেকে থাকে।

আমার সন্তানের কি অ্যালার্জির প্রতিক্রিয়া হওয়া সম্ভাবনা আছে?

Pfizer-BioNTech কোভিড-19 টিকা অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে এমন একটি ক্ষীণ সম্ভাবনা রয়েছে। টিকা সহ যেকোন ওষুধ বা জৈবিক পণ্যের প্রতি মানুষের অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া হতে পারে। বেশিরভাগ অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া একটি টিকা দেওয়ার পরপরই ঘটে, যে কারণে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) সুপারিশ করে যে অ্যানাফিল্যাক্সিসের ইতিহাস (কোনো কারণে) আছে এমন লোকেদের টিকা দেওয়ার পরে 30 মিনিট পর্যন্ত পর্যবেক্ষণ করা হয়, যেখানে অন্যদের টিকা দেওয়ার পরে 15 মিনিট জন্য পর্যবেক্ষণ করা হয়। একটি অসম্ভাব্য অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার ক্ষেত্রে উপযুক্ত চিকিৎসা নিশ্চিত করার জন্য সমস্ত টিকা দেওয়ার স্থানগুলিতে যথাপুযুক্ত ব্যবস্থা থাকা আবশ্যক। CDC সুপারিশ করে যে কারোর টিকার "কোনো উপাদানে" অ্যালার্জি থাকলে তাকে টিকা না নিতে।

Pfizer Pfizer-BioNTech কোভিড-19 টিকার তীব্র অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার লক্ষণগুলি কী কী?

একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার সম্ভাবনা ক্ষীণ। গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া সাধারণত Pfizer-BioNTech কোভিড-19 টিকার একটি ডোজ পাওয়ার কয়েক মিনিটের মধ্যে
ঘটে। একটি গুরুতর অ্যালার্জিজনিত প্রতিক্রিয়ার লক্ষণগুলির মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে:

- শ্বাস নিতে কষ্ট হওয়া
- আপনার মুখ এবং গলা ফুলে যাওয়া
- দ্রুত হৃদস্পন্দন
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি
- মাথা ঘোরা এবং দুর্বলতা

Pfizer-BioNTech কোভিড-19 টিকা থেকে আমার সন্তানের মায়োকার্ডাইটিস এবং পেরিকার্ডাইটিস হওয়ার ঝুঁকিগুলি কী কী?

উভয়েরই হওয়ার সম্ভাবনা খুবই কম। মায়োকার্ডাইটিস (হৃদপিণ্ডের পেশীর প্রদাহ) এবং পেরিকার্ডাইটিস (হৃদপিণ্ডের বাইরের আস্তরণের প্রদাহ) এর ঘটনাগুলি সেই সকল কিশোর এবং তরুণ প্রাপ্তবয়স্কদের মধ্যে হওয়ার রিপোর্ট করা হয়েছে যারা কোভিড-19 ভাইরাসে সংক্রামিত হয়েছে এবং যারা এই দুটি mRNA কোভিড-19 টিকার একটি গ্রহণ করছে তাদের মধ্যে। **এই রিপোর্টগুলি বিরল, এবং কোভিড-19 টিকার পরিচিত এবং সম্ভাব্য সুবিধাগুলি মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিসের সম্ভাব্য ঝুঁকি** সহ পরিচিত এবং সম্ভাব্য ঝুঁকির চেয়ে বেশি।। FDA পরামর্শ দেয় যে আপনি টিকা প্রদানকারীকে আপনার সন্তানের চিকিৎসা অবস্থাগুলি সম্পর্কে বলুন, আপনার সন্তানের অতীতে মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিস হয়েছে কিনা জানান। Pfizer-BioNTech কোভিড-19 টিকা গ্রহণের পর আপনার সন্তানের নিম্নলিখিত লক্ষণগুলির মধ্যে কোনো একটি দেখা দিলে আপনার অবিলম্বে চিকিৎসকের সাহায্য নেওয়া উচিত:

- বুকে ব্যথা
- শ্বাসকষ্ট
- দ্রুত-হৃদস্পন্দন, ঝাপসা দৃষ্টি, বা বুক ধড়পড় করার অনুভূতি

Pfizer-BioNTech কোভিড-19 টিকা ছাড়াও 5 থেকে 11 বছর বয়সী শিশুদের মধ্যে কোভিড-19 প্রতিরোধের জন্য অন্য কি কি বিকল্প আছে?

FDA অনুযায়ী, বর্তমানে কোভিড-19 প্রতিরোধের জন্য কোনো অনুমোদিত বিকল্প টিকা উপলব্ধ নেই। যখন FDA নির্ণয় করবে অন্যান্য কোভিড-19 টিকাগুলি জরুরি ব্যবহারের অনুমতি বা অনুমোদনের জন্য তাদের কঠোর মান পূরণ করছে তখন সেগুলি শিশুদের জন্য পাওয়া যেতে পারে।

আমার সন্তানের অ্যালার্জি আছে। তাকে কি টিকা দেওয়া যাবে?

আপনার সন্তানের যদি Pfizer-BioNTech টিকার কোনো উপাদানে বা Pfizer-BioNTech টিকার প্রথম ডোজে অ্যালার্জি হয়ে থাকে, তাহলে তার এই টিকা নেওয়া উচিত নয়। এখানে Pfizer-BioNTech টিকার উপাদানগুলি দেওয়া রয়েছে ।

যদি আপনার সন্তানের অন্য কোনো টিকা বা ইনজেক্টেবল থেরাপিতে কোনো তীব্র তাৎক্ষণিক অ্যালার্জিজনিত প্রতিক্রিয়া দেখা দেয়, তাহলে এটি একটি কোভিড-19 টিকা নেওয়ার জন্য একটি সতর্কতা। এর মানে এই নয় যে আপনার সন্তান Pfizer-BioNTech টিকা পেতে পারে না। আপনার সন্তানের Pfizer-BioNTech কোভিড-19 টিকা পাওয়ার ঝুঁকি এবং সুবিধাগুলি সম্পর্কে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলুন।

টিকা বা অন্য ইনজেকশনযোগ্য থেরাপির সাথে সম্পর্কিত নয় এমন অন্যান্য অ্যালার্জিযুক্ত ব্যক্তিরা একটি কোভিড-19 টিকা পেতে পারেন। এর মধ্যে খাদ্য, পোষ্য প্রাণী, বিষ, পরিবেশগত অ্যালার্জি বা মুখের মাধ্যমে নেওয়া ওষুধের প্রতি অ্যালার্জিগুলি অন্তর্ভুক্ত। এই ধরনের অ্যালার্জিযুক্ত শিশুরা Pfizer-BioNTech কোভিড-19 টিকা পেতে পারে।

আপনার সন্তানের জন্য Pfizer-BioNTech কোভিড-19 টিকার ঝুঁকি এবং সুবিধাগুলি সম্পর্কে আপনার যদি কোনো প্রশ্ন বা উদ্বেগ থাকে, তবে আপনার সন্তানের স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে কথা বলা উচিত।

আমি আমার সন্তানের জন্য কোভিড-19 টিকা কোথায় পাব?

পিতামাতা এবং অভিভাবকদের তাদের সন্তানের শিশুরোগ বিশেষজ্ঞ বা প্রাথমিক স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করতে হবে, যে তারা Pfizer-BioNTech কোভিড-19 টিকা দিচ্ছেন কিনা।

নিউ ইয়র্কের পিতামাতা এবং অভিভাবকরা vaccines.gov দেখতে পারেন, তাদের জিপ কোড 438829 নম্বরে টেক্সট করতে পারেন, অথবা কাছাকাছি টিকাদান কেন্দ্রের স্থান খুঁজে পেতে 1-800-232-0233 নম্বরে কল করতে পারেন। নিশ্চিত হয়ে নিন যে প্রদানকারী 5 – 11 বছর বয়সী শিশুদের জন্য Pfizer-BioNTech টিকা দিচ্ছেন। আপনি যদি এমন একটি কেন্দ্র নির্বাচন করেন যা ওয়াক-ইন অ্যাপয়েন্টমেন্ট অফার করে, তাহলে সম্ভব হলে আগে কল করে নিন। এইভাবে আপনি নিশ্চিত হতে পারেন যে তারা আপনার সন্তানকে Pfizer-BioNTech টিকা প্রদান করেছে।

কোভিড-19 টিকা কি বিনামূল্যে?

সমস্ত কোভিড-19 টিকা বিনামূল্যে এবং বিনা খরচে পাওয়া যায়। এছাড়াও টিকা ইনজেকশনের জন্য বা দেওয়ার জন্য কোন চার্জ লাগে না। এর মধ্যে শিশুদের জন্য কোভিড-19 টিকা অন্তর্ভুক্ত। যেসকল স্বাস্থ্যসেবা প্রদানকারীরা কোভিড-19 টিকা দেন তাদেরকে অবশ্যই স্বাস্থ্য বীমা থাকুক বা না থাকুক প্রত্যেককে টিকা দিতে হবে।

টিকার সাথে হার্টের সমস্যার ঝুঁকি কি?

mRNA কোভিড-19 টিকা দেওয়ার পর মায়োকার্ডাইটিসের বা হার্টের প্রদাহের বিরল ঘটনা ভ্যাকসিন অ্যাডভারস ইভেন্ট রিপোর্টিং সিস্টেমে (VAERS) রিপোর্ট করা হয়েছে । এটি Pfizer-BioNTech এবং Moderna উভয় টিকার ক্ষেত্রেই ঘটেছে। Pfizer BioNTech 5 বছর এবং তার বেশি বয়সীদের জন্য অনুমোদিত। Moderna বর্তমানে শুধুমাত্র 18 বছর বা তার বেশি বয়সীদের জন্য অনুমোদিত। মায়োকার্ডাইটিসের বেশিরভাগ ঘটনা কিশোর বালক এবং যুবকদের মধ্যে হওয়ার রিপোর্ট করা হয়েছে। এটি দ্বিতীয় ডোজের পরে প্রায়শই ঘটে – এবং সাধারণত টিকা নেওয়ার কয়েক দিনের মধ্যে। মায়োকার্ডাইটিস বা পেরিকার্ডাইটিসে (হৃদপিণ্ডের চারপাশে আস্তরণের প্রদাহ) আক্রান্ত বেশিরভাগ রোগী যারা পরিচর্যা পেয়েছে তারা ওষুধ এবং বিশ্রামে ভাল সাড়া দিয়েছে। তারা সুস্থ হয়ে উঠেছে এবং দ্রুত ভাল বোধ করেছে।

5 থেকে 11 বছর বয়সী শিশুদের জড়িত থাকা গবেষণায়, হৃদরোগের কোনো ঘটনা ঘটেনি। একটি শিশু যদি কোভিড-19 রোগে আক্রান্ত হয় তবে হার্টের সমস্যা হওয়ার ঝুঁকি বেশি থাকে। কোভিড-19 অসুস্থতা নিজেই মায়োকার্ডাইটিসের কারণ হতে পারে যা গুরুতর হতে পারে। এছাড়াও, মায়োকার্ডাইটিস শিশুদের মাল্টিসিস্টেম ইনফ্ল্যামেটরি সিনড্রোমের অংশ হতে পারে (MIS-C), যা SARS-CoV-2 সংক্রমণের প্রায় 3 থেকে 5 সপ্তাহ পরে ঘটতে পারে। MIS-C একটি বিরল কিন্তু কোভিড-19-এর সাথে সম্পর্কিত গুরুতর অবস্থা। এটি নিশ্চিত SARS-CoV-2 সংক্রমণ থাকা শিশুদের মধ্যে এক শতাংশেরও কম শিশুদের মধ্যে ঘটে।

কোভিড-19 টিকা কি আমার সন্তানের বয়ঃসন্ধি এবং/অথবা ভবিষ্যতে প্রজনন ক্ষমতাকে প্রভাবিত করতে পারে?

না। এমন কোনো প্রমাণ নেই যে, কোভিড-19 টিকা সহ অন্য কোনো টিকা প্রজনন ক্ষমতার পার্শ্বপ্রতিক্রিয়া সৃষ্টি করে। উপরন্তু, টিকা কোনোভাবেই বয়ঃসন্ধিকে প্রভাবিত করে না। আরো তথ্যের জন্য, ny.gov/getthevaxfacts দেখুন।

সংস্থান

পিতামাতা, অভিভাবক এবং কমিউনিটি সদস্যদের সকলেরই কোভিড-19 টিকা এবং শিশুদের সম্পর্কে বিশ্বস্ত, বিশ্বাসযোগ্য সংস্থাগুলি থেকে ভাল তথ্য সংগ্রহ করে অবগত হওয়া উচিত। যারা আরও তথ্য চাইছেন তাদের জন্য নিউ ইয়র্ক স্টেট নিম্নলিখিত লিঙ্কগুলির সুপারিশ করে, সেইসাথে সংস্থানগুলি যা তাদের বাচ্চাদের সাথে কথোপকথন ব্যাখ্যা করতে এবং গাইড করতে সহায়তা করতে পারে।

আমি কোভিড-19 টিকা সম্পর্কে আরও তথ্য কোথায় পেতে পারি?

এটা জানা খুবই গুরুত্বপূর্ণ যে কোভিড-19 টিকার তথ্যের উৎসগুলি যেগুলি আপনি ব্যবহার করেন তা সঠিক তথ্যের বিশ্বস্ত উৎস – যাতে আপনি আপনার স্বাস্থ্য এবং আপনার সন্তানের স্বাস্থ্য সম্পর্কে সচেতন সিদ্ধান্ত নিতে পারেন।

নিউ ইয়র্কের পিতামাতা এবং 5 - 11 বছর বয়সী শিশুদের অভিভাবকদের জন্য এই নিবেদিত ওয়েবসাইটটি ছাড়াও, বিশ্বাসযোগ্য, সঠিক তথ্যের জন্য নিউ ইয়র্ক স্টেটের #GetTheVaxFacts পেজটি দেখুন যা নিউ ইয়র্কের পিতামাতা এবং অভিভাবকরা বিশ্বাস করতে পারেন: ny.gov/getthevaxfacts।

সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন এই বিশ্বস্ত উত্সগুলির মধ্যে একটি। এই CDC ওয়েবপেজে কোভিড-19 টিকা সম্পর্কিত তথ্য পাওয়া যাবে।

- এখানে শিশু এবং কিশোর-কিশোরীদের জন্য কোভিড-19 টিকা সম্পর্কিত তথ্য রয়েছে।
- CDC-এর "কোভিড-19 টিকা সম্পর্কে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (Frequently Asked Questions about COVID-19 Vaccination)" ওয়েবপেজটিও খুব সহায়ক।

ফিলাডেলফিয়ার চিলড্রেনস হসপিটাল (CHOP) এর একটি ভ্যাকসিন এডুকেশন সেন্টার রয়েছে। এই ওয়েবসাইটে আপনি কোভিড-19 এবং কোভিড-19 টিকা সম্পর্কে বিশ্বস্ত তথ্য পেতে পারেন।

- CHOP ভ্যাকসিন এডুকেশন সেন্টারের একটি মোবাইল অ্যাপও রয়েছে, "ভ্যাকসিনস অন দা গো: আপনার যা জানা প্রয়োজন।" এটি কোভিড-19 টিকা সহ টিকাগুলি সম্পর্কে সহায়ক তথ্য সরবরাহ করে।

আমেরিকান একাডেমি অফ পেডিয়াট্রিক্স (AAP) বিশ্বস্ত তথ্যের আরেকটি উৎস। শিশু বিশেষজ্ঞরা AAP এর কোভিড-19 ওয়েবপেজে তথ্য প্রদান করেন। তাঁরা কোভিড-19

এবং শিশুদের সম্পর্কে অনেক বিষয় কভার করেন। কোভিড-19 টিকা সম্পর্কে কিছু বিষয় নিচে দেওয়া হল:

- "The Science Behind কোভিড-19 Vaccines: Parent FAQs"
- "Getting Your Child Ready for the কোভিড-19 Vaccine"
- "State report of pediatric cases, hospitalizations and deaths"
- "healthychildren.org" ওয়েবসাইটে কোভিড-19 টিকা সম্পর্কে একটি FAQ ওয়েবপেজ রয়েছে। পেডিয়াট্রিক্স একাডেমি থেকে উত্তর।

সাধারণ সংস্থানগুলি এবং তথ্যের জন্য:

- KidsHealth' এর "Resources to Help Explain COVID-19 to Children"

সহায়ক ভিডিও যা শিশুদের কোভিড-19 টিকা ব্যাখ্যা করতে পিতামাতা ও অভিভাবকদের সাহায্য করতে পারে:

- মিশিগান বিশ্ববিদ্যালয়ের "All About Coronavirus: A Video for Kids and Their Families"
- Unicef এর "COVID-19 Vaccines Explained in 4 Levels of Difficulty"